**মঞ্জুরি নং-৫৬**

# ১৫৮ - দুর্নীতি দমন কমিশন

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ১৭৮,২৯,০০ | ১৮৭,২০,০০ | ১৯৬,৫৬,০০ |
| উন্নয়ন ব্যয় | ১২,৭১,০০ | ১৩,৩৫,০০ | ১৪,০১,০০ |
| **মোট** | **১৯১,০০,০০** | **২০০,৫৫,০০** | **২১০,৫৭,০০** |
| | | | |
| আবর্তক | ১৬৫,৫৬,৭০ | ১৭৪,৯২,৯৯ | ১৮৩,৮৪,১৬ |
| মূলধন | ২৫,৪৩,৩০ | ২৫,৬২,০১ | ২৬,৭২,৮৪ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **১৯১,০০,০০** | **২০০,৫৫,০০** | **২১০,৫৭,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

দুর্নীতি প্রতিরোধ, নিয়ন্ত্রণ এবং দমনের মাধ্যমে দুর্নীতি মুক্ত সমাজ গঠন।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ ও এর তফসিলভুক্ত অপরাধসমূহের অনুসন্ধান ও তদন্তকার্য পরিচালনা;

১.২.২. অনুসন্ধান পরিচালনার ভিত্তিতে মামলা দায়েরের অনুমোদন এবং তদন্তের ভিত্তিতে চার্জশীট/চূড়ান্ত রিপোর্ট দাখিলের অনুমোদন প্রদান এবং মামলা পরিচালনা;

১.২.৩. মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (এবং এর সংশোধনী) অনুযায়ী মানিলন্ডারিং বিষয়ে অনুসন্ধান/তদন্ত ও মামলা পরিচালনা;

১.২.৪. দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলা;

১.২.৫. কমিশনের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন;

১.২.৬. দুর্নীতির উৎস চিহ্নিত করা এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন;

১.২.৭. দুর্নীতি প্রতিরোধের জন্য স্বীকৃত ব্যবস্থাদি পর্যালোচনা, গবেষণা, পরিকল্পনা প্রণয়ন এবং গণশুনানি আয়োজন;

১.২.৮. দুর্নীতি প্রতিরোধ এবং তাৎক্ষণিক আইনানুগ ব্যবস্থা নিশ্চিত করার নিমিত্ত এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা;

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. দুর্নীতিমুক্ত সমাজ গঠন | • বিভাগ, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন;<br>• দুর্নীতি বিরোধী র‍্যালি, সভা সমাবেশ, সেমিনার, মানববন্ধন, পথযাত্রা, পথসভা এবং মতবিনিময়; | • দুর্নীতি দমন কমিশন |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • সততা সংঘ গঠন ও কার্যকরকরণ;<br>• সততা স্টোর স্থাপন;<br>• অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনা;<br>• মামলা দায়ের ও পরিচালনা;<br>• এনফোর্সমেন্ট পরিচালনা;<br>• গণশুনানি আয়োজন;<br>• সক্ষমতা বৃদ্ধিকরণ। | |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের ওপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ দুর্নীতিমুক্ত সমাজ গঠন

**দারিদ্র্য নিরসনের ওপর প্রভাব:** দুর্নীতির কারণে দারিদ্র্যতা বৃদ্ধি পায়। দুর্নীতি দমন কমিশন দুর্নীতি দমন ও প্রতিরোধের পাশাপাশি উত্তম চর্চার বিকাশ ও প্রসারে কাজ করে যাচ্ছে, যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের ওপর প্রভাব:** নারী উন্নয়নে দুর্নীতি দমন কমিশনের প্রত্যক্ষ কোনো ভূমিকা নেই। তবে বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক নারী উন্নয়নে পরিচালিত কর্মসূচি যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার মাধ্যমে দুর্নীতি ও অর্থের অপচয় রোধ করা সম্ভব। এর ফলে সাশ্রয়কৃত অর্থ নারী কল্যাণে দক্ষতার সাথে ব্যয় করা গেলে তা নারী উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ১৯,৮৫,৫১ | ২১,৩৮,৯২ | ২১,৩৮,৯২ |
| নারী উন্নয়ন | ৪৪,৫২,৮০ | ৪৩,৩৬,০০ | ৪৩,৩৬,০০ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **দুর্নীতির ক্ষেত্র চিহ্নিতকরণ**<br>দুর্নীতি দমন, প্রতিরোধ ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে অধিক দুর্নীতিপ্রবণ খাতসমূহ চিহ্নিত করে কার্যক্রম পরিচালনা করা হলে দুর্নীতি বহুলাংশে হ্রাস পাবে। এ বিবেচনায় দুর্নীতির ক্ষেত্র চিহ্নিতকরণকে দুর্নীতি দমন কমিশনের প্রধান অগ্রাধিকার খাত হিসাবে চিহ্নিত করা হয়েছে। | • দুর্নীতিমুক্ত সমাজ গঠন |
| ২. **দুর্নীতি দমনে প্রতিকারমূলক কার্যক্রম**<br>কমিশন দুর্নীতি দমনে প্রতিকারমূলক ব্যবস্থা হিসেবে স্ব-উদ্যোগ বা দুর্নীতির শিকার ব্যক্তি বা অন্য কোন ব্যক্তির দাখিলকৃত আবেদনের ভিত্তিতে দুর্নীতি সংক্রান্ত অভিযোগের কার্যকর অনুসন্ধান, তদন্ত এবং প্রসিকিউশনের মাধ্যমে প্রকৃত অভিযুক্তদের যথাযথ শাস্তি নিশ্চিত করার লক্ষ্যে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিল করে থাকে। দুর্নীতি নিয়ন্ত্রণে উক্ত অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম দুর্নীতি দমন কমিশনের আইনি দায়িত্বের পাশাপাশি দ্বিতীয় | |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| **৩. প্রতিরোধ কার্যক্রম জোরদারকরণ**<br>দেশের মানুষের মধ্যে জনসচেতনতা সৃষ্টি করে দুর্নীতি বিরোধী মনোভাব গড়ে তোলার জন্য দেশব্যাপী বিভিন্ন পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করে দুর্নীতি প্রতিরোধ কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে কমিশন বিভিন্ন ধরনের প্রচারণামূলক কর্মসূচি যেমন-বক্তৃতা, বিতর্ক ও রচনা প্রতিযোগিতা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা, মতবিনিময় সভা, আলোচনা সভা, পথসভা, মানববন্ধন, পদযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে থাকে। দুর্নীতির রাহুগ্রাস থেকে সমাজকে মুক্ত করার ক্ষেত্রে প্রতিরোধমূলক কার্যক্রমের গুরুত্ব অপরিসীম। এক্ষেত্রে কমিশন গণমাধ্যমে দুর্নীতি সংক্রান্ত অনুসন্ধানী ও দুর্নীতি প্রতিরোধে সৃজনশীল প্রতিবেদনকে উৎসাহিত করার লক্ষ্যে “দুদক মিডিয়া এ্যাওয়ার্ড” প্রদান করছে। তাছাড়া, প্রতিবছর আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস, দুদকের প্রতিষ্ঠা বার্ষিকী ও দুর্নীতি প্রতিরোধ সপ্তাহের বিভিন্ন কর্মসূচি পালন করাসহ ত্রৈমাসিক ভিত্তিতে “দুদক বার্তা” প্রকাশনার মাধ্যমে দুদকের কার্যক্রম জনগণের নিকট উপস্থাপন করা হচ্ছে। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে গতিশীল করার কার্যক্রম চলমান রয়েছে। সৎ ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন প্রজন্ম সৃষ্টির লক্ষ্যে শিক্ষার্থীদের মধ্যে দুর্নীতিবিরোধী স্লোগান সম্বলিত শিক্ষা উপকরণ বিতরণ করা হচ্ছে। স্থানীয় পর্যায়ে সরকারি সেবা এবং সরকারের কল্যাণমূলক কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার একটি অন্যতম কৌশল হচ্ছে গণশুনানি। গণশুনানি সরকারি সেবাপ্রত্যাশী জনগণ এবং সেবা প্রদানে দায়িত্বপ্রাপ্ত প্রজাতন্ত্রের কর্মচারীদের মধ্যে প্রত্যক্ষ সংযোগ এবং দায়বদ্ধতা সৃষ্টি করে। টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০-এর অভীষ্ট ১৬-এ টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজ ব্যবস্থার প্রচলন, সকলের জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সকল স্তরে কার্যকর, জবাবদিহিতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান নির্মাণের লক্ষ্যে নিয়মিত গণশুনানির আয়োজন করা হচ্ছে। এ কারণে এটি কমিশনের তৃতীয় অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত হয়েছে। | |
| **৪. মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম**<br>দেশের অভ্যন্তরে পরিচালিত অনুসন্ধান ও তদন্ত এবং আন্তঃরাষ্ট্রীয় তথ্য বিনিময় সহযোগিতার মাধ্যমে বিদেশে পাচারকৃত অর্থের বিনিময়ে অর্জিত অবৈধ সম্পদ সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা ও সংশ্লিষ্ট বিদেশি রাষ্ট্রের নিজস্ব আইন ও একই বিষয়ে জাতিসংঘ কর্তৃক প্রণীত বিধানাবলী অনুসরণ করে দেশে ফিরিয়ে আনা এবং দোষী ব্যক্তিবর্গকে আইনের আওতায় অভিযুক্ত করে আদালতে সোপর্দ করা কমিশনের একটি প্রধান কাজ। এ জন্য এটি কমিশনের চতুর্থ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত হয়েছে। | |
| **৫. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম:**<br>প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি দুদকের জন্য একটি বড় চ্যালেঞ্জ। নিয়মিতভাবে কমিশনের বিভিন্ন পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। যেহেতু অনুসন্ধান ও তদন্ত দুদকের মৌলিক কার্যক্রম, সেহেতু কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে যুগোপযোগী করে গড়ে তোলার কোনো বিকল্প নেই। এ প্রেক্ষিতে কমিশন স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে জনবল নিয়োগ, কর্মকর্তা-কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণ আয়োজন, ফরেনসিক ল্যাব স্থাপনসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এ কারণে এটি কমিশনের পঞ্চম অগ্রাধিকার খাত হিসেবে বিবেচিত | |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| হয়েছে। | |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| প্রধান কার্যালয়, দুর্নীতি দমন কমিশন, ঢাকা | ১৩১,৮১,০০ | ১০৭,০১,৩০ | ১২৭,৫৮,০০ | ১৩৫,৯৪,০০ | ১৪৩,১৪,০০ |
| বিভাগীয় কার্যালয়সমূহ, দুর্নীতি দমন কমিশন | ৮,৬০,০০ | ৮,৬০,০০ | ৯,৩০,০০ | ৯,৬১,০০ | ১০,১৫,০০ |
| সমন্বিত জেলা কার্যালয়সমূহ, দুর্নীতি দমন কমিশন | ৫০,৮৯,০০ | ৪৮,৩৫,০০ | ৫৪,১২,০০ | ৫৫,০০,০০ | ৫৭,২৮,০০ |
| **সর্বমোট :** | **১৯১,৩০,০০** | **১৬৩,৯৬,৩০** | **১৯১,০০,০০** | **২০০,৫৫,০০** | **২১০,৫৭,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১০০,৪৫,৩৪ | ৮৮,২৩,৬৭ | ৯৯,২৭,৩৫ | ১০৫,১৩,৪৫ | ১০৯,৩১,২৩ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১৯,১৭,২৪ | ১৭,১৭,৪৩ | ২১,২৭,১৫ | ২২,৫২,৭৫ | ২২,৯৬,৮৩ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৪,০০ | ৩৬,৬৯ | ৫,৫০ | ৪,০০ | ৪,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৩,৫০,০০ | ২,৮০,০০ | ৪,২০,০০ | ৬,০০,০০ | ৮,০০,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৩,০২,৮০ | ৩,০২,৮০ | ৩,০৩,০০ | ৩,১৪,৬০ | ৩,২৬,৯০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৫,৪০,৯৯ | ৬,০৫,৫৩ | ৬,২১,৩৬ | ৫,৭৩,০০ | ৬,০৩,৮৪ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ৯,৫০,০০ | ৮,৫০,০০ | ১০,০০,০০ | ১০,৫০,০০ | ১১,০০,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১৫,৫৯,৯৫ | ১২,৯৭,৬৮ | ১৩,৫৩,৭৯ | ১৩,৭৪,০৫ | ১৪,৯২,২৪ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ২০,৫৭ | ১৮,৬৭ | ৩১,৬৫ | ২১,৩৭ | ২১,৩৩ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ২,৮৩,৫৫ | ২,৮১,০৫ | ৪,০৭,০৫ | ৪,৩৪,০৫ | ৪,৪৯,০৫ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৫,২৯,২১ | ২,৮৯,২১ | ৩,৪৯,৮৮ | ৩,৪৬,৯২ | ৩,৪৯,৯৪ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৮,১০ | ৮,৬৭ | ৯,৯৭ | ৮,৮০ | ৮,৮০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১৬৫,১১,৭৫** | **১৪৫,১১,৪০** | **১৬৫,৫৬,৭০** | **১৭৪,৯২,৯৯** | ১৮৩,৮৪,১৬ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ০ | ৬০,৪৬ | ৯,২৬,০০ | ৩,৮৪,০০ | ৫,৮১,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৪,১৬,২৫ | ১০,০৩,৯০ | ১৫,২৫,৩০ | ২১,৭৬,০১ | ২০,৬৪,৮৪ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ০ | ০ | ২০,০০ | ০ | ০ |
| ৪১৪১ | ভূমি | ২,০০ | ৮,২০,৫৪ | ১,০০ | ২,০০ | ২,০০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১২,০০,০০ | ০ | ৭১,০০ | ০ | ০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২৬,১৮,২৫** | **১৮,৮৪,৯০** | **২৫,৪৩,৩০** | **২৫,৬২,০১** | ২৬,৭২,৮৪ |
| | **সর্বমোট :** | **১৯১,৩০,০০** | **১৬৩,৯৬,৩০** | **১৯১,০০,০০** | **২০০,৫৫,০০** | ২১০,৫৭,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. (ক) যাচাইকৃত অভিযোগের ভিত্তিতে অনুসন্ধান | ১ | শতকরা হার (%) | ৫ | ৬ | ৪ | ৫ | ৫ | ৫ | ৬ |
| (খ) যাচাইকৃত অভিযোগের ভিত্তিতে গৃহীত অন্যান্য ব্যবস্থা | | | ৬ | ৫ | ২০ | ৬ | ২০ | ১৫ | ১৫ |
| ২. নির্ধারিত সময়ে অর্থাৎ ৭৫ কর্মদিবসে অনুসন্ধান সম্পন্ন | | | ২০ | ৭৯ | ৪৭ | ৬০ | ৫০ | ৫০ | ৬০ |
| ৩. নির্ধারিত সময়ে অর্থাৎ ১৮০ কর্মদিবসে তদন্ত সম্পন্ন | | | ২০ | ৬৩ | ৫২ | ৭০ | ৫২ | ৫৫ | ৬০ |
| ৪. এফআইআর এর বিপরীতে চার্জশিট প্রদান | | | ৬০ | ৭৫ | ৬০ | ৭০ | ৬৫ | ৬৫ | ৭০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

## ৬.১ দুর্নীতি দমন কমিশন

৬.১.১ **সাম্প্রতিক অর্জন**: বিগত তিন বছরে দুর্নীতি দমন কমিশনে প্রাপ্ত ৫২,২৪০টি অভিযোগের মধ্যে ২,৫২৩টি অনুসন্ধান পরিচালনা করে ৮৩৪টি মামলা রুজু করেছে। এছাড়া ৬৩৭টি মামলার তদন্ত শেষে চার্জশিট দাখিল করে তদন্তাধীন মামলার জট কমাতে সক্ষম হয়েছে। কমিশনের ৫৫৩টি মামলায় আসামীদের সাজা হয়েছে। সাজাপ্রাপ্ত মামলায় ৪০ কোটি ৭০ লক্ষ টাকা বাজেয়াপ্ত এবং ৫৭৬৬ কোটি ২৬ লক্ষ টাকা জরিমানা করা হয়। উচ্চ আদালতে বিগত তিন বছরে দায়েরকৃত ৩,৭২৫টি মামলার (ফৌজদারি রিভিশন/ফৌজদারি আপিল/ক্রিমিনাল মিস/রীট) মধ্যে ২,২৪৩টি নিষ্পত্তি হয়েছে। দুর্নীতি প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে ৯টি মহানগর, ৬২টি জেলা ও ৪৩৩টি উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং শিক্ষা প্রতিষ্ঠানে ২৪,৮৯৪টি সততা সংঘ গঠন করা হয়েছে। দুর্নীতি প্রতিরোধ ও গনসচেতনার জন্য ২৪টি গনশুনানীর আয়োজন করা হয়। দুর্নীতি প্রতিরোধ ও উত্তম চর্চার বিকাশে ৬,৭৮০টি সততা স্টোর স্থাপন করা হয়। দুদক অভিযোগ কেন্দ্রে (হটলাইন ১০৬) আগত তফসিলভুক্ত অভিযোগের প্রেক্ষিতে ১,২৬১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালিত হয়। পরিচালিত অভিযানের উপর ভিত্তি করে ১৮৯টি অনুসন্ধান ও ০৭টি সরাসরি মামলা দায়ের করা হয়।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিভাগ, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন | মহানগর পর্যায়ে কমিটি গঠন | ১ | সংখ্যা | ৯ | ০১ | * | ০৮ | - | - | ০৯ |
| | জেলা পর্যায়ে কমিটি গঠন | | | ৬২ | ৫০ | * | ১২ | - | - | ৬২ |
| | উপজেলা পর্যায়ে কমিটি গঠন | | | ৪৩৩ | ৩৪৫ | * | ৮৮ | - | - | ৪৩৩ |
| ২. দুর্নীতি বিরোধী র‍্যালি, সভা সমাবেশ, সেমিনার, মানববন্ধন, পথযাত্রা, পথসভা এবং মতবিনিময় | সভা সমাবেশ করা | | | ৪০০০ | ২৭৮৭ | ৩৫০০ | ৩৫০০ | ৪০০০ | ৪৫০০ | ৫০০০ |
| ৩. সততা সংঘ গঠন ও কার্যকরণ | শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘ গঠন | | | - | - | - | - | ৫০০ | ১০০০ | ১৫০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৪. সততা স্টোর স্থাপন | শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোর স্থাপন | | | - | - | ৯৯০ | ৯৯০ | ১০০০ | ১৫০০ | ২০০০ |
| ৫. অনুসন্ধান, তদন্ত কার্যক্রম পরিচালনা | অনুসন্ধান | | | ৫০০ | ২৬৫ | ৫০০ | ৬০০ | ৫৫০ | ৫৫০ | ৬০০ |
| | দাখিলকৃত এফআইআর | | | ৩২০ | ২১২ | ৩৫০ | ৪০০ | ২৫০ | ৪০০ | ৫০০ |
| ৬. মামলা দায়ের ও পরিচালনা | তদন্ত | | | ২৫০ | ২১২ | ৬০০ | ৪০০ | ২৫০ | ৩০০ | ৫০০ |
| | অভিযোগপত্র দাখিল (চার্জশিট) | | | ২০০ | ২৩৪ | ৩০০ | ৩৫০ | ২০০ | ৪০০ | ৪৫০ |
| ৭. এনফোর্সমেন্ট পরিচালনা | অভিযান পরিচালনা | | | ৪৪২ | | - | ৫০০ | ৫২৫ | ৫৫০ | ৫৭৫ |
| | পরিচালিত অভিযানের ভিত্তিতে চালুকৃত অনুসন্ধান | ১ | সংখ্যা | ৫৩ | | - | ৬০ | ৬৫ | ৭০ | ৭৫ |
| ৮. গণশুনানি আয়োজন | গণশুনানি | ১ | সংখ্যা | ১২ | ১১ | ১২ | ১২ | ১৫ | ১৮ | ২০ |
| | নিষ্পন্ন | | শতকরা হার (%) | ৮০ | ৭৭ | ৮৫ | ৮৫ | ৯০ | ৯৫ | ১০০ |
| ৯. সক্ষমতা বৃদ্ধিকরণ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ১ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | - | ১০৩৬ | ৫০০০ | ৫০০০ | ৫৫০০ | ৬০০০ | ৬৫০০ |
| | বৈদেশিক প্রশিক্ষণ | | | - | ১ | ১৫০ | ৯০ | ১৫০ | ১৫০ | ১৫০ |

* প্রতি ৩ বছর পর কমিটিগুলো গঠিত হয়।

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৫৮০১০১ - প্রধান কার্যালয়, দুর্নীতি দমন কমিশন, ঢাকা | | ৬৩,৭৩,৮৭ | ১০৭,২৯,০০ | ৮৭,৪৯,৮০ | ১০২,৯৫,০০ | ১০৮,৬৬,০০ | ১১৩,৬৯,০০ |
| ১৫৮০১০২ - বিভাগীয় কার্যালয়সমূহ, দুর্নীতি দমন কমিশন | | ৬,৩৯,৩৮ | ৮,৬০,০০ | ৮,৬০,০০ | ৯,৩০,০০ | ৯,৬১,০০ | ১০,১৫,০০ |
| ১৫৮০১০৩ - সমন্বিত জেলা কার্যালয়সমূহ, দুর্নীতি দমন কমিশন | | ৩৬,৩৪,৩৮ | ৫০,৮৯,০০ | ৪৮,৩৫,০০ | ৫৪,১২,০০ | ৫৫,০০,০০ | ৫৭,২৮,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১০৬,৪৭,৬৩** | **১৬৬,৭৮,০০** | **১৪৪,৪৪,৮০** | **১৬৬,৩৭,০০** | **১৭৩,২৭,০০** | **১৮১,১২,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০৬৯০০ - দুর্নীতি দমন সংক্রান্ত কাজের জন্য বিশেষ বরাদ্দ | ১-৪,৮ | ৬,০৩,৪১ | ১২,৫২,০০ | ৯,৫৫,৫০ | ১১,৯২,০০ | ১৩,৯৩,০০ | ১৫,৪৪,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **৬,০৩,৪১** | **১২,৫২,০০** | **৯,৫৫,৫০** | **১১,৯২,০০** | **১৩,৯৩,০০** | **১৫,৪৪,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১১২,৫১,০৪** | **১৭৯,৩০,০০** | **১৫৪,০০,৩০** | **১৭৮,২৯,০০** | **১৮৭,২০,০০** | **১৯৬,৫৬,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৫৮ - দুর্নীতি দমন কমিশন বাংলাদেশের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ১২,০০,০০ | ০ | ৭১,০০ | ০ | ০ |
| ২২৩০৫৩৮০০ - দুর্নীতি দমন কমিশনের তথ্য প্রযুক্তিগত উন্নয়নসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ (০১/১০/২০২৪ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৯ | ০ | ০ | ৫৬,০০ | ২,৫৫,০০ | ৯,৩২,০০ | ৪,৬৭,০০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪৩৯৯০০০ - দুদকের খুলনা, রংপুর, রাজশাহী, বরিশাল এবং সিলেট বিভাগীয় কার্যালয়ের নতুন ভবন নির্মাণ এবং ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ (০১/০৪/২০২৪ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত | ৯ | ০ | ০ | ৯,৪০,০০ | ৯,৪৫,০০ | ৪,০৩,০০ | ৯,৩৪,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **১২,০০,০০** | **৯,৯৬,০০** | **১২,৭১,০০** | **১৩,৩৫,০০** | **১৪,০১,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **১২,০০,০০** | **৯,৯৬,০০** | **১২,৭১,০০** | **১৩,৩৫,০০** | **১৪,০১,০০** |
| মোট : | | **১১২,৫১,০৪** | **১৯১,৩০,০০** | **১৬৩,৯৬,৩০** | **১৯১,০০,০০** | **২০০,৫৫,০০** | **২১০,৫৭,০০** |